

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০১.৬০.০৬০.২০১১- (৩৬৯)

তারিখঃ ১৬/০৩/২০১৬

বিষয়ঃ নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও প্রবেশ গেট রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মাণের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ ১. উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দার স্মারক নং-১৫৪, তারিখঃ ১০/০৬/২০১৫


২. প্রধান প্রকৌশলী, এলজিইডি'র স্মারক নং-১৬৫২, তারিখ-১৯/০১/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব তহবিলের অর্থায়নে নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলা পরিষদের সম্মুখ ভাগের ৪৮০ মিটার সীমানা প্রাচীর ও প্রবেশ গেট নির্মাণ কাজের প্রাক্কলন/প্রস্তাবটি এলজিইডি, আগারগাঁও, ঢাকা কর্তৃক নিম্নরূপভাবে সংশোধন করা হয়েছেঃ

প্রতিষ্ঠানের নাম	কাজের নাম	অনুমোদিত প্রাক্কলিত মূল্য (টাকায়)	মন্তব্য
উপজেলা পরিষদ কলমাকান্দা, নেত্রকোণা	সীমানা প্রাচীর (৪৮০ মিটার)	১,০৫,৯৪,৯১৮/- (এক কোটি পাঁচ লক্ষ চুরানব্বই হাজার নয়শত আঠার) টাকা।	অনুমোদিত ডিজাইন ও প্রাক্কলন
	উপজেলা পরিষদের প্রবেশ গেট	১৭,১৩,২৫১/- (সতের লক্ষ তের হাজার দুইশত একান্ন) টাকা	অনুযায়ী।

এমতাবস্থায়, সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক এলজিইডি'র অনুমোদিত ডিজাইন ও সংশোধিত প্রাক্কলন অনুযায়ী নির্ধারিত ব্যয় সীমাবদ্ধ রেখে রাজস্ব তহবিলের অর্থায়নে একাধিক অর্থ বছরে সীমানা প্রাচীর ও প্রবেশ গেট নির্মাণের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো। তবে অনুমোদিত কাজের অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উত্থাপিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবেন।

সংযুক্ত : বর্ণনামতে


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা, নেত্রকোণা।

অনুলিপিঃ

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২. চেয়ারম্যান, কলমাকান্দা উপজেলা পরিষদ, নেত্রকোণা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)